কালের কণ্ঠ

তারিখ: 13 MAY 2016
পৃষ্ঠা ৩ কলাম ৩

ইসলামী বিশ্ববিদ্যালয়

# উপাচার্যকে আলটিমেটাম

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

কর্মকর্তাদের ওপর হামলার ঘটনায় জড়িত দুই কর্মকর্তার বরখাস্ত আদেশ প্রত্যাহারে উপাচার্যকে আলটিমেটাম দিয়েছে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু পরিষদের একাংশের নেতাকর্মীরা। গতকাল দুপুরে উপাচার্যের কার্যালয়ে এসে এ জন্য তাকে ১২ ঘণ্টা সময় বেঁধে দেয় তারা।

উপাচার্য অফিস সূত্রে জানা যায়, গতকাল বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২টার দিকে উপাচার্য অধ্যাপক ড. আবদুল হাকিম সরকারের সঙ্গে দেখা করেন বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু পরিষদের একাংশের নেতাকর্মীরা। এ সময় তারা উপাচার্যপন্থী কর্মকর্তাদের ওপর উপ-উপাচার্যপন্থী কর্মকর্তাদের হামলার ঘটনায় জড়িত থাকার অভিযোগে সাময়িক বরখাস্তকৃত কর্মকর্তা আবদুল হান্নান ও আলমগীর হোসেনের বরখাস্ত আদেশ প্রত্যাহারের দাবি জানায়। এ আদেশ প্রত্যাহারের জন্য উপাচার্যকে ১২ ঘণ্টা সময় বেঁধে দেয় তারা। এ সময়ের মধ্যে আদেশ প্রত্যাহার করা না হলে কঠোর আন্দোলনের হুমকি দেওয়া হয়।

এ ছাড়া কর্মকর্তাদের ওপর হামলার ঘটনায় নিরপেক্ষ তদন্ত করে দোষীদের শাস্তির দাবি জানায় ওই নেতাকর্মীরা। এ সময় সেখানে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু পরিষদের আহ্বায়ক অধ্যাপক ড. মাহবুবুর রহমান, যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ড. মামুনুর রহমান, অধ্যাপক ড. কামাল উদ্দিন, অধ্যাপক ড. আক্তারুল ইসলামসহ পরিষদের একাংশের নেতাকর্মীরা। বঙ্গবন্ধু পরিষদের আহ্বায়ক কমিটির নেতাকর্মীরা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. শাহিনুর রহমানের অনুসারী বলে ক্যাম্পাসে পরিচিত।

এ বিষয়ে বঙ্গবন্ধু পরিষদের সদস্য অধ্যাপক ড. আক্তারুল ইসলাম জিল্লু বলেন, 'যে দুজন কর্মকর্তাকে বরখাস্ত করা হয়েছে, তারা বঙ্গবন্ধু পরিষদের আহ্বায়ক কমিটির সদস্য। আমরা তাদের আদেশ প্রত্যাহারের জন্য ভিসি স্যারকে ১২ ঘণ্টা সময় দিয়েছি। এ সময়ের মধ্যে বরখাস্ত আদেশ প্রত্যাহার করা না হলে আমরা নিয়মতান্ত্রিকভাবে কঠোর কর্মসূচি ঘোষণা করব।' তবে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু পরিষদের আরেক অংশের সভাপতি অধ্যাপক ড. জাকারিয়া রহমান বলেন, হামলার ঘটনা তদন্তের পর দোষীদের দৃষ্টান্তমূলক বিচার হওয়া উচিত।